

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং: ২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

নং: ৪৬.১০.০০০০.০০৪.১৯.০১২.১৭-১৪৭

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১
০৯ মার্চ ২০২৫

নোটিশ

আগামী ১১/০৩/২০২৫ খ্রি: তারিখ মঙ্গলবার বেলা ১০:৩০ ঘটিকায় নগর ভবন, লেভেল-৬, হলরুমে (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা) নতুন ১৮টি ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে গণশুনানি অনুষ্ঠিত হবে। গণশুনানিতে নতুন ১৮টি ওয়ার্ডের আওতাধীন স্কুল-কলেজের শিক্ষক, মসজিদের ইমাম, বাজার কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক ও নেতৃবৃন্দ, সোসাইটির নেতৃবৃন্দ, যুবক ও ছাত্র প্রতিনিধি এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করবেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক মহোদয় **জনাব মোহাম্মদ এজাজ** গণশুনানি গ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।


০৭.০৬.২৫

মোহাম্মদ মামুন-উল-হাসান

সচিব (অঃদাঃ)

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় প্রধান(সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৬, ৭, ৮, ৯ ও ১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন(সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট স্কুল-কলেজ শিক্ষক, মসজিদের ইমাম, বাজার কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক ও নেতৃবৃন্দ, সোসাইটির নেতৃবৃন্দ, যুবক ও ছাত্র প্রতিনিধি এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (সভাস্থলের প্রয়োজনীয় প্রজেক্টরসমূহ সচল রাখা, ডিজিটাল ব্যানার তৈরী, নোটিশটি ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশ, সংশ্লিষ্ট অনলাইন সিস্টেম হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (সভাস্থলে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণ এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা ও সাউন্ড সিস্টেম মান সম্মত রাখার অনুরোধ করা হলো)।
৭. কেয়ারটেকার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন(হলরুম প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো)।
৮. অফিস কপি